গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

এবং

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে ২১টি ক্রীড়া বিভাগ চালু রয়েছে। স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বিগত তিন বছরে নতুন জাতীয় রেকর্ড সৃষ্টিসহ ৮৩টি প্রতিযোগিতায় ২০ বার চ্যাম্পিয়ন হওয়ার গৌরব এবং ২৮৪টি স্বর্ণ, ২১০টি রৌপ্য ও ১৫৪টি তাম্র পদক লাভ করেছে। ২০১৯-২০২১ সালে অনুষ্ঠিত পিইসি, জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ২৩ জন 'এ+', ৩২৬ জন 'এ' ও ২৬৮ জন 'এ-' গ্রেডে উত্তীর্ণ হয়েছে। ০৩ বছরে মোট ১৩৪ জনকে ক্রীড়া বিজ্ঞানে স্নাতকোত্তর ডিপ্লোমা প্রদান করা হয়েছে। এছাড়া বিকেএসপি'র বিদ্যমান ক্রীড়ায় এক মাস মেয়াদী প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন করে ২৬৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০৩ বছরে তৃণমূল পর্যায় থেকে প্রতিভা অন্বেষণ কর্মসূচীর অধীনে ১৪০০ জন এবং প্রমিলা প্রশিক্ষণার্থীদের ক্রীড়া উন্নয়ন প্রকল্পের অধীনে ২০০ জনকে বিজ্ঞান ভিত্তিক স্বল্পমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

তৃণমূল পর্যায় থেকে মেধাবী ও প্রতিভাবান খেলোয়াড় বাছাই ও দীর্ঘমেয়াদী কার্যক্রমে প্রয়োজনীয় জনবল, আবাসন ও যানবাহনের অভাবে যথাযথভাবে সম্পন্ন করা কঠিন হয়ে পড়ে। অধিকাংশ ক্ষেত্রেই প্রান্তিক পর্যায়ে অস্বচ্ছল, গরীব ও অশিক্ষিত পরিবারের ক্রীড়া মেধা সম্পন্ন প্রশিক্ষণার্থী বিকেএসপিতে ভর্তি হয়। যাদের মধ্যে বেশিরভাগেরই অপুষ্টিজনিত সমস্যা রয়েছে। পারিবারিক আর্থিক অস্বচ্ছলতার জন্য দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ সমাপ্ত না করেই একটি অংশ বিভিন্ন সার্ভিসেস/সংস্থার চাকুরীতে যোগদান করে। বিগত বছরে করোনা ভাইরাস জনিত মহামারী বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে বড় সমস্যা হিসেবি পরিগণিত হয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বিশ্বমানের ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বিকেএসপি, ঢাকা'কে সেন্টার অব এক্সিলেন্স-হিসেবে গড়ে তোলার প্রয়াসে দক্ষ বিদেশী কোচ নিয়োগ করা হয়েছে এবং প্রয়োজন অনুযায়ী আরো বিদেশী কোচ নিয়োগের পদক্ষেপ গ্রহণ, আধুনিক ক্রীড়া অবকাঠামো নির্মান, বিদ্যমান ক্রীড়া অবকাঠামোর আধুনিকায়ন করা হবে। বিজ্ঞান ভিত্তিক ক্রীড়া প্রশিক্ষণের মাধ্যমে আরো অধিক পরিমানে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরি করা হবে। অধিক হারে আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরির লক্ষ্যে নিয়োজিত প্রশিক্ষক, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীগণকে দেশ ও বিদেশে আধুনিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরি করা হবে। তৃণমূল পর্যায় থেকে প্রতিভা অন্বেষণ কার্যক্রম উপজেলা পর্যায়ে সম্প্রসারণ করে অধিকতর দক্ষ ও মেধাসম্পন্ন প্রতিভাবান প্রশিক্ষণার্থী বাছাই করে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহকে এইচএসসি পর্যায়ে উন্নীতকরণের মাধ্যমে স্বয়ংসম্পূর্ণ ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে গড়ে তোলারও পরিকল্পনা রয়েছে। দেশে আন্তর্জাতিক মানের কোচ তৈরির জন্য ডিপ্লোমা-ইন-স্পোর্টস কোচিং অচিরেই শুরু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ক্রীড়া বিভাগসমুহকে স্বল্প ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা বাস্তবায়নের জন্য নির্ধারণ করে দেয়া হয়েছে। বিদ্যমান ক্রীড়া বিভাগসমুহের পাশাপাশি আরো ২টি ক্রীড়া বিভাগ নতুনভাবে চালু করার পরিকল্পনা রয়েছে। বিদেশী প্রশিক্ষণার্থী ভর্তির মাধ্যমে দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১৫০০ (এক হাজার পাঁচশত) জনকে দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান। তৃণমূল পর্যায় থেকে ক্রীড়া প্রতিভা অন্বেষণ করে ১৪০০ জনকে স্বল্প মেয়াদী প্রশিক্ষণ প্রদান। ০৫টি স্থানীয় ও ০৫টি জাতীয় বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের ধারাবাহিক সফলতা অক্ষুন্ন রাখার পাশাপাশি পূর্ববর্তী বছরের চেয়ে ভাল ফলাফল অর্জন করা। বি-স্পোর্টসে যোগ্যতা সম্পন্ন ন্যূনতম ২০ জন ক্রীড়াবিদ ভর্তি করা এবং কমপক্ষে ৮০%পাশের হার নিশ্চিত করা। কোচ, রেফারী ও আম্পায়ার তৈরীর লক্ষ্যে সম্ভাবনাময় ক্রীড়া বিভাগে ৬০ জনকে কোচেস সার্টিফিকেট কোর্স প্রশিক্ষণ প্রদান করা এবং কমপক্ষে ৯০% পাশের হার নিশ্চিত করা। ৩৫ জনকে ক্রীড়া বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি করা এবং কমপক্ষে ৮০% পাশের হার নিশ্চিত করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

এবং

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

ক্রীড়া প্রশিক্ষণের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরী করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

তৃণমূল পর্যায়ে দেশের তরুণ ও প্রতিভাবান খেলোয়াড়দের ক্রীড়ায় উদ্বুদ্ধ করে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে ক্রীড়া প্রতিভার বিকাশ ঘটানো এবং জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় গড়ে তোলা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. আন্তর্জাতিক মানের ক্রীড়াবিদ সৃষ্টি
২. ক্রীড়া ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়ন ও অবকাঠামো নির্মান
৩. প্রতিযোগিতায় অংশগ্রহণ ও প্রতিযোগিতা আয়োজন
৪. জার্নাল/বুলেটিন প্রকাশ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. নির্ধারিত বয়সসীমার বালক-বালিকাদের মধ্য হতে ক্রীড়া ক্ষেত্রে প্রতিভা অন্বেষণ করা এবং স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণি পর্যন্ত ক্রীড়া ও সাধারণ শিক্ষার সুযোগসহ ক্রীড়া ক্ষেত্রে তাদের বিজ্ঞানভিত্তিক নিবিড় প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি এবং পর্যাপ্ত সুবিধা প্রদান;
২. উন্নতমানের ক্রীড়াবিজ্ঞানী, কোচ, রেফারি এবং আম্পায়ার তৈরির উদ্দেশ্যে সম্ভাবনাময় ক্রীড়াবিজ্ঞানী, কোচ, রেফারি এবং আম্পায়ারগণের প্রশিক্ষণ প্রদান;
৩. ক্রীড়াবিজ্ঞানী, কোচ, রেফারি ও আম্পায়ারগণের কলাকৌশলগত দক্ষতা উন্নয়নকল্পে সার্টিফিকেট কোর্স পরিচালনা;
৪. আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রস্তুতি হিসেবে জাতীয় দলের প্রশিক্ষণের সুযোগ প্রদান;
৫. অটিস্টিকসহ দেশের বিভিন্ন প্রতিবন্ধী অর্থাৎ শারীরিক, মানসিক, দৃষ্টি ও অন্যান্য প্রতিবন্ধীদের খেলাধুলার জন্য পৃথক ইউনিট গঠন এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সহিত সমন্বয়ক্রমে তাদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদান ও প্রতিযোগিতার আয়োজন;
৬. বিভিন্ন দেশীয় খেলাধুলার বিষয়ে প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন;
৭. ক্রীড়া সম্পর্কিত তথ্যকেন্দ্র হিসেবে কার্য সম্পাদন ও গবেষণা কার্যক্রম পরিচালনা;
৮. ক্রীড়া সম্পর্কিত পুস্তক, সাময়িকী, বুলেটিন এবং হালনাগাদ তথ্য প্রকাশ ও সংরক্ষণ;
৯. দেশের বিভিন্ন ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান এবং আন্তর্জাতিক ক্রীড়া প্রতিষ্ঠানের সহিত সম্পর্ক ও যোগাযোগ স্থাপন এবং অভিজ্ঞতা বিনিময়;
১০. দেশের বিভিন্ন ক্রীড়া সংস্থার সহিত যোগাযোগ স্থাপন ও কার্যাবলির সমন্বয় সাধন;
১১. ক্রীড়া উন্নয়নে সরকারকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
১২. প্রতিবেশ ও পরিবেশবান্ধব ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন; এবং
১৩. সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত নির্দেশনা সাপেক্ষে, উহার উপর অর্পিত অন্যান্য দায়িত্ব পালন এবং প্রয়োজনীয় অন্য যেকোনো কার্য সম্পাদন।

# সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| আন্তর্জাতিক মানের ক্রীড়াবিদ সৃষ্টি | দীর্ঘ মেয়াদী (৬-৯ বছর) প্রশিক্ষণ (আসন সংখ্যার ভিত্তিতে সমগ্র দেশ থেকে খেলোয়াড় বাছাই কর বিকেএসপি ঢাকা ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমুহে প্রশিক্ষণ প্রদান করা হয়) | সংখ্যা (জন) | ১৪৭৮ | ১৬২৭ | ১৫০০ | ১৫০০ | ১৫০০ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | বি স্পোর্টস ডিগ্রী কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী পাসের হার | % | ৯০ | ৯০ | ৮০ | ৮০ | ৮০ | বিকেএসপি এবং জাতীয় বিশ্ববিদ্যালয় | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | স্বল্প মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়ের সংখ্যা | সংখ্যা (জন) | - | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| ক্রীড়া ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়ন ও অবকাঠামো নির্মান | ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী পাসের হার | % | ১০০ | ১০০ | ৮০ | ৮০ | ৮০ | বিকেএসপি এবং জাতীয় বিশ্ববিদ্যালয় | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | কোচেস সার্টিফিকেট কোর্সে অংশগ্রহণকারী পাসের হার | % | ১০০ | ১০০ | ৯০ | ৯০ | ৯০ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | প্রকল্পের অধীনে ভৌত অবকাঠামো নির্মানের সংখ্যা | সংখ্যা | ৭ | ২ | ২ | ১ | ১ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | কোচ ও শিক্ষকদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | সংখ্যা (জন) | ১২৩ | ৭০ | ৫০ | ৫০ | ৫০ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২৪ | ২০২৪-২০২৫ | | |
| প্রতিযোগিতায় অংশগ্রহণ ও প্রতিযোগিতা আয়োজন | স্থানীয় প্রতিযোগিতার সংখ্যা | সংখ্যা | ৭ | ৫ | ৫ | ৫ | ৫ | ক্রীড়া ফেডারেশন/ক্রীড়া সংস্থা | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | জাতীয় প্রতিযোগিতার সংখ্যা | সংখ্যা | ৮ | ১৬ | ৫ | ৫ | ৫ | ক্রীড়া ফেডারেশন/ক্রীড়া সংস্থা | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | প্রতিবন্ধীদের জন্য আয়োজিত প্রতিযোগিতার সংখ্যা | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | স্পেশাল অলিম্পিক বাংলাদেশ | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | দেশিয় খেলাধুলার প্রতিযোগিতা আয়োজনের সংখ্যা | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | ১ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| জার্নাল/বুলেটিন প্রকাশ | প্রকাশিত জার্নাল/ বুলেটিনের সংখ্যা | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | ১ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (অধ্যায় ১৩, পৃষ্ঠা নং ৭০২), নির্বাচনী ইশতেহার (পৃষ্ঠা নং-৩২-৩৩), বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] আন্তর্জাতিক মানের ক্রীড়াবিদ সৃষ্টি | ২৫ | [১.১] দীর্ঘ মেয়াদী (৬-৯ বছর) প্রশিক্ষণ (আসন সংখ্যার ভিত্তিতে সমগ্র দেশ থেকে খেলোয়াড় বাছাই কর বিকেএসপি ঢাকা ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমুহে প্রশিক্ষণ প্রদান করা হয়) | [১.১.১] প্রশিক্ষিত খেলোয়াড়ের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (জন) | ১৭ | ১৪৭৮ | ১৬২৭ | ১৩৫০ | | | | | ১৫০০ | ১৫০০ |
| | | [১.২] ব্যাচেলর অব স্পোর্টস (বি স্পোর্টস) ডিগ্রী (৩ বছর মেয়াদী) পরিচালনা | [১.২.১] বি স্পোর্টস ডিগ্রী কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী পাসের হার | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | ৯০ | ৯০ | ৮০ | ৭২ | ৬৪ | ৫৬ | ৪৮ | ৮০ | ৮০ |
| | | [১.৩] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও স্বল্প মেয়াদী (৩ মাস) প্রশিক্ষণ (উপজেলা পর্যায়ে প্রচারণা এবং সামাজিক যোগাযোগ মাধ্যম, টেলিভিশন ও পত্রিকায় বিজ্ঞাপন প্রদান করে জেলা পর্যায় থেকে নির্ধারিত দিনে বাছাই করা হয়) | [১.৩.১] স্বল্প মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়ের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (জন) | ৩ | | ১০০০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১০০০ | ১০০০ |
| [২] ক্রীড়া ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়ন ও অবকাঠামো নির্মান | ২৫ | [২.১] ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা কোর্স পরিচালনা | [২.১.১] ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী পাসের হার | ক্রমপুঞ্জিভূত | % | ৬ | ১০০ | ১০০ | ৮০ | ৭২ | ৬৪ | ৫৬ | ৪৮ | ৮০ | ৮০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.২] কোচেস সার্টিফিকেট কোর্স পরিচালনা | [২.২.১] কোর্সে অংশগ্রহণকারীর পাসের হার | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ১০০ | ১০০ | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ | ৯০ | ৯০ |
| | | [২.৩] প্রকল্পের অধীনে ভৌত অবকাঠামো নির্মান | [২.৩.১] প্রকল্পের অধীনে ভৌত অবকাঠামো নির্মানের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৫ | ৭ | ২ | ৪ | ৩ | ২ | ১ | | ১ | ১ |
| | | [২.৪] কোচ ও শিক্ষকদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | [২.৪.১] অংশগ্রহণকারী সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (জন) | ১০ | ১২৩ | ৭০ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | ১৫ | ৫০ | ৫০ |
| [৩] প্রতিযোগিতায় অংশগ্রহণ ও প্রতিযোগিতা আয়োজন | ১০ | [৩.১] স্থানীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ | [৩.১.১] স্থানীয় প্রতিযোগিতার সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৭ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| | | [৩.২] জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ | [৩.২.১] জাতীয় প্রতিযোগিতার সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ৮ | ১৬ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ৫ |
| | | [৩.৩] প্রতিবন্ধীদের জন্য প্রতিযোগিতা আয়োজন | [৩.৩.১] প্রতিযোগিতার সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | [৩.৪] দেশিয় খেলাধুলার প্রতিযোগিতা আয়োজন | [৩.৪.১] প্রতিযোগিতার সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ২ | ১ | ১ | | | | | ১ | ১ |
| [৪] জার্নাল/বুলেটিন প্রকাশ | ১০ | [৪.১] জার্নাল/বুলেটিন প্রকাশ | [৪.১.১] প্রকাশিত জার্নাল/ বুলেটিনের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১০ | ২ | ১ | ১ | | | | | ১ | ১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

............................................................ ............................................................

চেয়ারম্যান
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

তারিখ

............................................................ ............................................................

সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিকেএসপি | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] দীর্ঘ মেয়াদী (৬-৯ বছর) প্রশিক্ষণ (আসন সংখ্যার ভিত্তিতে সমগ্র দেশ থেকে খেলোয়াড় বাছাই কর বিকেএসপি ঢাকা ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমুহে প্রশিক্ষণ প্রদান করা হয়) | [১.১.১] প্রশিক্ষিত খেলোয়াড়ের সংখ্যা | প্রশিক্ষণ শাখা ও কলেজ শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র। | ক্রীড়া ভিত্তিক প্রশিক্ষণার্থীর পরিসংখ্যান। |
| [১.২] ব্যাচেলর অব স্পোর্টস (বি স্পোর্টস) ডিগ্রী (৩ বছর মেয়াদী) পরিচালনা | [১.২.১] বি স্পোর্টস ডিগ্রী কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী পাসের হার | কলেজ শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র। | ব্যাচেলর অব স্পোর্টস (বি স্পোর্টস) ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণকারী ও পরীক্ষায় পাস করা প্রশিক্ষণার্থীর তালিকা। |
| [১.৩] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও স্বল্প মেয়াদী (৩ মাস) প্রশিক্ষণ (উপজেলা পর্যায়ে প্রচারণা এবং সামাজিক যোগাযোগ মাধ্যম, টেলিভিশন ও পত্রিকায় বিজ্ঞাপন প্রদান করে জেলা পর্যায় থেকে নির্ধারিত দিনে বাছাই করা হয়) | [১.৩.১] স্বল্প মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়ের সংখ্যা | প্রশিক্ষণ শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র। | প্রতিভাবান খেলোয়াড়দের (ক্রীড়ার ধরণ উল্লেখসহ) নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ বিস্তারিত তথ্য সম্বলিত জেলা ভিত্তিক তালিকা। |
| [২.১] ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা কোর্স পরিচালনা | [২.১.১] ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী পাসের হার | ক্রীড়া বিজ্ঞান শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | ডিপ্লোমা কের্সে অংশগ্রহণকারী ও পাস করা প্রশিক্ষণার্থীর তালিকা। |
| [২.২] কোচেস সার্টিফিকেট কোর্স পরিচালনা | [২.২.১] কোর্সে অংশগ্রহণকারীর পাসের হার | প্রশিক্ষণ শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | কোর্সে অংশগ্রহণকারী ও পাস করা প্রশিক্ষণার্থীর (নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ) তালিকা। |
| [২.৩] প্রকল্পের অধীনে ভৌত অবকাঠামো নির্মান | [২.৩.১] প্রকল্পের অধীনে ভৌত অবকাঠামো নির্মানের সংখ্যা | প্রকৌশল শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | ই-জিপি'র মাধ্যমে উন্মুক্ত দরপত্র আহবান করে ভৌত অবকাঠামো নির্মানের সংখ্যা। |
| [২.৪] কোচ ও শিক্ষকদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | [২.৪.১] অংশগ্রহণকারী সংখ্যা | প্রশিক্ষণ শাখা ও কলেজ শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | প্রশিক্ষণে অংশগ্রহণকারী কোচ ও শিক্ষকদের তালিকা |
| [৩.১] স্থানীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ | [৩.১.১] স্থানীয় প্রতিযোগিতার সংখ্যা | প্রশিক্ষণ শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | স্থানীয় ক্রীড়া সংস্থা কর্তৃক আয়োজিত সিনিয়র এবং জুনিয়র পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণের বিবরণ। |
| [৩.২] জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ | [৩.২.১] জাতীয় প্রতিযোগিতার সংখ্যা | প্রশিক্ষণ শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | জাতীয় ক্রীড়া ফেডারেশন কর্তৃক আয়োজিত সিনিয়র এবং জুনিয়র পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের বিবরণ। |
| [৩.৩] প্রতিবন্ধীদের জন্য প্রতিযোগিতা আয়োজন | [৩.৩.১] প্রতিযোগিতার সংখ্যা | প্রশিক্ষণ শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | প্রতিযোগিতা আয়োজনের সম্মতিপত্র, প্রতিযোগীদের নামের তালিকা। |
| [৩.৪] দেশিয় খেলাধুলার প্রতিযোগিতা আয়োজন | [৩.৪.১] প্রতিযোগিতার সংখ্যা | প্রশিক্ষণ শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | প্রতিযোগিতা আয়োজনের সম্মতিপত্র, প্রতিযোগীদের নামের তালিকা। |
| [৪.১] জার্নাল/বুলেটিন প্রকাশ | [৪.১.১] প্রকাশিত জার্নাল/ বুলেটিনের সংখ্যা | ক্রীড়া বিজ্ঞান শাখা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | জার্নাল/বুলেটিন প্রকাশের কার্যাদেশ এবং প্রকাশিত জার্নাল/বুলেটিন-এর কপি। |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| প্রতিবন্ধীদের জন্য প্রতিযোগিতা আয়োজন | প্রতিযোগিতার সংখ্যা | স্পেশাল অলিম্পিক বাংলাদেশ | বিকেএসপি কর্তৃক আয়োজিত প্রতিযোগিতায় প্রয়োজনীয় সংখ্যক খেলোয়াড় সরবরাহ ও প্রতিযোগিতায় সহযোগিতা করার আহ্বান জানানো। |
| স্থানীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ | স্থানীয় প্রতিযোগিতার সংখ্যা | ক্রীড়া ফেডারেশন/ক্লাব/সংস্থা | স্থানীয় ও জাতীয় প্রতিযোগিতার আয়োজন এবং প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিকেএসপিকে আমন্ত্রণপত্র প্রদানের জন্য যোগাযোগ রক্ষা করা। |
| জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ | জাতীয় প্রতিযোগিতার সংখ্যা | ক্রীড়া ফেডারেশন | জাতীয় প্রতিযোগিতার আয়োজন এবং প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিকেএসপিকে আমন্ত্রণপত্র প্রদানের জন্য যোগাযোগ রক্ষা করা। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ